

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.৯৫.২৭.৬৩.২০২৩. ৫৪০


তারিখ: ৩১ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
১৬ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

কারণ দর্শানোর নোটিশ

যেহেতু, আপনি জনাব মোঃ আব্দুল মালেক চৌধুরী (৪১৬৫), সহকারী অধ্যাপক (হিসাববিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা শিক্ষা মন্ত্রণালয়ের ০৩-০২-২০১০ তারিখের নং-শিম/শাঃ৮/১৭(লিয়েন)-০১/২০০৯/১০৮ সংখ্যক পত্রে স্মারকের মাধ্যমে ০১-০২-২০১০ তারিখ হতে ৩১-০১-২০১২ তারিখ পর্যন্ত ০২(দুই) বছরের জন্য লিয়েন প্রাপ্ত হন এবং যুক্তরাষ্ট্রে গমন করেন। তারই ধারাবাহিকতায় শিক্ষা মন্ত্রণালয়ের ১৫-০২-২০১২ তারিখের নং-শিম/শাঃ১৭(লিয়েন)০১/২০১০-২০২ সংখ্যক পত্রে লিয়েনের মেয়াদ আরও ০২ (দুই) বছর বৃদ্ধি করা হলে লিয়েনের মেয়াদ ৩১/০১/২০১৪ তারিখে সমাপ্তে আপনি অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনি একনাগাড়ে দীর্ঘ ০৫ (পাঁচ) বছরের অধিককাল চাকরি থেকে অনুপস্থিত রয়েছেন যা সরকারি চাকরি শৃঙ্খলা ও আচরণবিধি পরিপন্থী;

সেহেতু, জনাব মোঃ আব্দুল মালেক চৌধুরী (৪১৬৫), সহকারী অধ্যাপক (হিসাববিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা গত ০১-০২-২০১৪ খ্রিষ্টাব্দ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিতির জন্য বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী সরকারি চাকরি হতে অবসান (Ceases to be in Government employee) হিসেবে কেন আদেশ জারি করা হবে না, তাঁর জবাব এ আদেশ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো।


(সোলেমান খান)
সচিব

বর্তমান কর্মস্থল:

জনাব মোঃ আব্দুল মালেক চৌধুরী (৪১৬৫)
সহকারী অধ্যাপক (হিসাববিজ্ঞান),
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্থায়ী ঠিকানা:

মোঃ আব্দুল মালেক চৌধুরী
পিতা: মরহুম মোঃ আব্দুছ ছাত্তার চৌধুরী
গ্রাম: তিতার কানা, ডাকঘর: মিরপুর, থানা: বাহবল, জেলা: হবিগঞ্জ।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।